

স্মারক নং -৪৬.০২.৪৪৩৩.০০০. ৯১৭

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখঃ ০৪/১০/২০২২ খ্রি!

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন (১) কাষ্টভাঙ্গা ইউপি'র ফুলবাড়ী রেল গেট (আরএইচডি)- হাসনহাটা ভায়া কাষ্টভাঙ্গা বাজার রাস্তায় ৬২০০মিঃ চেইনেজে পুরাতন ব্রীজ এবং (২) কালীগঞ্জ- কোলা রাস্তায় ৬০৩২মিঃ চেইনেজে আরসিসি ওপেন ফাউন্ডেশন ব্রীজ এর মালামাল প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের নিমিত্তে আগামী ১০/১০/২০২২ তারিখ সকাল ১০ঃ৩০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে অগ্রহী ব্যক্তিবর্গকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ০১। নিলাম বিজয়ী/ডাককারীকে নিজ দায়িত্বে, নিজ খরচে পুরাতন ব্রীজ সাবধানতার সাথে অপসারণ করতে হবে। যেন জানমালের কোন ক্ষতি/প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়।
- ০২। নিলাম বিজয়ী/ডাককারীকে নিজ দায়িত্বে যোগাযোগ ব্যবস্থা সচল রেখে ব্রীজ অপসারণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
- ০৩। নিলামে অংশগ্রহণকারীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিলামের মালামাল হিসাবে পরিত্যক্ত ব্রীজের শুধুমাত্র পুরাতন ইট ও রড পাওয়া যাবে। প্রাক্কলনে শুধুমাত্র উহার পরিমাণই উল্লেখ করা হয়েছে।
- ০৪। যে কোন ধরনের দুর্ঘটনা বা জানমালের ক্ষতিসাধন হলে নিলাম ডাককারী ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে।
- ০৫। ভ্যাট বাবদ ১৫% এবং আয়কর বাবদ ৫% নিলাম ডাকের অতিরিক্ত হিসাবে জমা প্রদান করতে হবে।
- ০৬। নিলাম অংশগ্রহণের পূর্বে সরেজমিনে পুরাতন ব্রীজ পরিদর্শন করতে হবে এবং পরবর্তীতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৭। বিধি মোতাবেক সর্বোচ্চ নিলাম ডাককারীর অনুকূলে নিলামের কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৮। তাৎক্ষণিক নিলামের সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।
- ০৯। অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ নিলাম গ্রহণ ও প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। কোন কারণ ব্যতিরেকেই কর্তৃপক্ষ নিলামের তারিখ পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অংশগ্রহণকারীদেরকে ফেরৎযোগ্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। অন্যথায় তিনি নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।

(সাদিয়া জেরিন)

সভাপতি

নিলাম কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার

কালীগঞ্জ, ঝিনাইদহ

তারিখঃ ০৪/১০/২০২২ খ্রি!

স্মারক নং -৪৬.০২.৪৪৩৩.০০০. ৯১৭/১৮

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইদহ।
- ৩। সদস্য, নিলাম কমিটি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ৪। সদস্য, নিলাম কমিটি ও উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ৫। সদস্য, নিলাম কমিটি ও উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ৬। মোঃ আজিজুর রহমান, সার্ভেয়ার, এলজিইডি, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ৭। অফিস নথি।

আজাদ
০৪.১০.২২

(মোঃ আবুল কালাম আজাদ)

সদস্য সচিব

নিলাম কমিটি

ও

উপজেলা প্রকৌশলী (অঃ দঃ)

কালীগঞ্জ, ঝিনাইদহ।

ফোনঃ ০৪৫২৩-৫৬২৩০

E-mail: ue.jhenaidah.kaliganji@lged.gov.bd